গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০০০.০২৩.২০.০০০১.২৫.১২৬ তারিখ: ৯ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
২৪ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: **২০২৫-২৬ অর্থবছরের হরিপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ এর 'বার্ষিক ক্রয় পরিকল্পনা' অনুমোদন সংক্রান্ত।**
সূত্র: (স্মারক নং: ৫৭.০৩.০৯১৮.২৬৯.০৭.০৩.২৩-২১১ তারিখ: ১২/০৮/২০২৫খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৫-২৬ অর্থবছরে তাঁর প্রতিষ্ঠানের মালামাল ও যন্ত্রপাতি ক্রয়ের নিমিত্ত প্রস্তাবিত 'বার্ষিক ক্রয় পরিকল্পনা' ও বরাদ্দকৃত বাজেট যাচাইয়ান্তে **০১**টি লট এ OTM এর মাধ্যমে **২,৩৫,৪০০/-( দুই লক্ষ পয়ত্রিশ হাজার চারশত)** টাকা এবং **০৬**টি লট এ RFQ পদ্ধতিতে **৩,৯৭,৪০০/- (তিন লক্ষ সাতানব্বই হাজার চারশত)** টাকাসহ মোট ৬,৩২,৮০০/-(ছয় লক্ষ বত্রিশ হাজার আটশত) টাকা নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে অনুমোদন করা হলোঃ

(১) বিভিন্ন উপখাতে কোড অনুযায়ী যথাযথ মালামাল অন্তর্ভূক্ত করে ক্রয় করতে হবে।

(২) প্রশাসনিক ব্যয় (কোড-৩২১১) এ বর্ণিত উপখাত সংশ্লিষ্ট ব্যয়ের ক্ষেত্রে কৃচ্ছতাসাধন পূর্বক যথাযথভাবে ব্যয় করতে হবে।

(৩) মূলধন ব্যয় সংশ্লিষ্ট উপখাতসমূহে সম্পদ জাতীয় যন্ত্রপাতি/মালামাল এবং সাধারণ সরবরাহ ও কাঁচামাল সামগ্রী উপখাতে সংশ্লিষ্ট মালামাল ক্রয় করতে হবে।

(৪) প্রতিষ্ঠান কর্তৃক প্রস্তাবিত বার্ষিক ক্রয় পরিকল্পনার সাথে সংযুক্ত অর্থনৈতিক কোড ওয়ারী মালামালের তালিকা অনুযায়ী ক্রয় কার্যক্রম সম্পাদন করতে হবে।

(৫) পণ্যের টেকনিক্যাল স্পেসিফিকেশন এ**ব্র্যান্ড, মডেল ও দেশের নাম** উল্লেখ করে দরপত্র আহ্বান করা যাবে না।

(৬) DCP (Direct cash purchase) পদ্ধতিতে ক্রয়ের ক্ষেত্রে "পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, **২০০৮"এর ৮১ (২) বিধি অনুযায়ী তিন সদস্য বিশিষ্ট ক্রয় কমিটির মাধ্যমে** প্রতি ক্রয়ের ক্ষেত্রে অনধিক ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা কিন্তু বৎসরে অনধিক ১০ (দশ) লক্ষ টাকা ব্যয় করা যাবে; এবং

(৭) পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর বিধি ১২৮ অনুসরণে প্রণীত এবং জারীকৃত "ইলেকট্রনিক গভর্নমেন্ট প্রকিউরমেন্ট" (ই-জিপি) নির্দেশমালা মোতাবেক সরকারি তহবিলের অর্থ দ্বারা যেকোন পণ্য, কার্য বা সেবা ক্রয়ের ক্ষেত্রে **ই-জিপি প্রক্রিয়ার মাধ্যমে ক্রয় কার্যক্রম সম্পন্ন করতে হবে।**

উল্লেখ্য যে, কোন কারণে Advertisement এর তারিখ এবং অনুমোদিত APP তে পদ্ধতি পরিবর্তন হলে PPR-২০০৮ অনুযায়ী সময়সূচীসহ প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় সংশোধন করার আবশ্যকতা রয়েছে।

"পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮" মোতাবেক ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। উল্লেখ্য যে, আর্থিক ক্ষমতা (Delegation of financial power) মোতাবেক সংশ্লিষ্ট বিধি-বিধান প্রতিপালন সাপেক্ষে ক্রয় করতে হবে। কোন প্রকার আর্থিক অনিয়ম/অডিট আপত্তির জন্য আয়ন ব্যয়ন কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

সংযুক্তঃ যাচাইকৃত ও স্বাক্ষরিত 'বার্ষিক ক্রয় পরিকল্পনা'

২৪-০৯-২০২৫
নাসরীন সুলতানা
সহকারী পরিচালক

অধ্যক্ষ
হরিপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, ঠাকুরগাঁও।।

তারিখ: ৯ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
২৪ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৫৭.০৩.০০০০.০০০.০২৩.২০.০০০১.২৫.১২৬/১ (৩)

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রখানা ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।

২। মহাপরিচালকের একান্ত সচিব, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।

৩। অফিস, ।

২৪-০৯-২০২৫
নাসরীন সুলতানা
সহকারী পরিচালক

Annual Procurement Plan: 20[illegible]

| | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| Ministry/Division: | | | | | | | | | Ministry Of Education/TMED | | | | | | | | | | | |
| Agency: | | | | | | | | | Directorate Of Technical Education | | | | | | | | 160-02-07142269 | | | |
| Procuring Entity Name & Code: | | | | | | | | | Principal, Haripur Government Technical School & College, Haripur, Thakurgaon | | | | | | | | | | | |
| Procuring/ Program Name & Code: | | | | | | | | | 160-02-07142269 | | | | | | | | | | | |
| Package No. | Descriptio n of Procurem ent Package | Unit | Quantity | Procurem ent Method & Type | Contract of Funds | Souce of Funds | Amount TK. | Time Code for Process | Advertise Prequal(if applicable) | Invite/Adve rtise Tender | Tender Opening | Tender Evaluation | Aproval of Award | Notification of Award | Sining of Contract | Total days | Complitio n of Contract | Total days | Complition of Contract | Total Days (In days) |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 | 12 | 13 | 14 | 15 | 16 | 17 | 18 | 19 | 20 | 21 |
| ১ | লট নং ০৭ ৩২৫৫৭১০৫ অন্যান্য মনিহারী | | সংযুক্ত তালিকা অনুযায়ী | RFQ | PE | GOB | 77800 | Planed Dates | 0 | | | | | | | | | | 10/3/2026 | |
| | | | | | | | | Planed Days | | | | | | | | | | | | 10days |
| | | | | | | | | Actual Dates | | | | | | | | | | | | |
| ২ | লট নং-১৫ ৩২৫৫৬১০৫ কাঁচামাল ও খুচরা যন্ত্রাংশ | | সংযুক্ত তালিকা অনুযায়ী | OTM | HOPE | GOB | 235400 | Planed Dates | 1/9/2025 | 9/14/2025 | 9/24/2025 | 8/10/2025 | 10/18/2025 | 12/16/2025 | | | | | 10/3/2026 | |
| | | | | | | | | Planed Days | | 14 | 10 | 14 | 10 | 28 | 76 days | | | | | e-GP |
| | | | | | | | | Actual Dates | | | | | | | | 30/12/25 | | | | |
| ৩ | লট নং-১৭ ৪১১১৬০৫ প্রকৌশল ও অন্যান্য যন্ত্রপাতি | | সংযুক্ত তালিকা অনুযায়ী | RFQ | PE | GOB | 79500 | Planed Dates | 0 | | | | | | | | | | 10/3/2026 | |
| | | | | | | | | Planed Days | 0 | | | | | | | | | | | 10 days |
| | | | | | | | | Actual Dates | | | | | | | | | | | | |
| ৪ | লট নং-১১ ৪১১২৩১২ শিক্ষা ও শিক্ষণ উপকরণ | | সংযুক্ত তালিকা অনুযায়ী | RFQ | PE | GOB | 47100 | Planed Dates | 0 | | | | | | | | | | 10/3/2026 | |
| | | | | | | | | Planed Days | 0 | | | | | | | | | | | 10 days |
| | | | | | | | | Actual Dates | | | | | | | | | | | | |
| ৫ | লট নং-২০ ৪১১২৩১৪ আসবাবপত্র | | সংযুক্ত তালিকা অনুযায়ী | RFQ | PE | GOB | 84100 | Planed Dates | 0 | | | | | | | | | | 10/3/2026 | |
| | | | | | | | | Planed Days | 0 | | | | | | | | | | | 10 days |
| | | | | | | | | Actual Dates | | | | | | | | | | | | |
| ৬ | লট নং-১৮ ৪১১২৩১০ অফিস সরঞ্জামাদি | | সংযুক্ত তালিকা অনুযায়ী | RFQ | PE | GOB | 51800 | Planed Dates | 0 | | | | | | | | | | 10/3/2026 | |
| | | | | | | | | Planed Days | 0 | | | | | | | | | | | 10 days |
| | | | | | | | | Actual Dates | | | | | | | | | | | | |
| ৭ | লট নং ০৫ ৩২৫৫১০১ কম্পিউটার সামগ্রী | | সংযুক্ত তালিকা অনুযায়ী | RFQ | PE | GOB | 57100 | Planed Dates | | | | | | | | | | | | |
| | | | | | | | | Planed Days | | | | | | | | | | | | 15 days |
| | | | | | | | | Actual Dates | | | | | | | | | | | | |

Checked & Verified
18/09/2025
নাসরীন সুলতানা
সহকারী পরিচালক (ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

15.09.25
মোঃ আলফিসসানি রিয়াদ
জুনিয়র ইন্সট্রাক্টর (টেক/শেক্সি রিয়ারিং এন্ড ফার্মিং)
হরিপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ

15-09-25
মোঃ আশরাফুল মাখদুমকাত
ইন্সট্রাক্টর (জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস)
হরিপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ
হরিপুর, ঠাকুরগাঁও

15.09.25
জুনিয়র ইন্সট্রাক্টর
হরিপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ
হরিপুর, ঠাকুরগাঁও।

অধ্যক্ষ
হরিপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ
হরিপুর, ঠাকুরগাঁও।

CamScanner
CamScanner